# আসানসোলে
# এবার বাম

**আসানসোল পৌর কর্পোরেশন নির্বাচন ২০২২**

**বামফ্রন্টের নির্বাচনী ইশতেহারের কিছু মুখ্য কথা**

# স্মার্ট আসানসোল

অবিলম্বে নগর নিগম অঞ্চলের রাস্তাঘাট আরও উন্নত ও সুন্দর করা।

প্রতিদিন বর্জ্য পদার্থের পরিকল্পিত উত্তোলন ও কঠিন বর্জ্য পদার্থের সঠিক প্রক্রিয়াকরণ।

পানীয় জলের সহজলভ্য ব্যবস্থাপনা। প্রয়োজনে অজয় ও দামোদর নদকে ব্যবহার করে পানীয় জলের সংকট মেটানো।

নদী সংস্কার ও শহরের জলজমার সমস্যার দ্রুত সমাধান।

কুলটি ও জামুড়িয়া এলাকায় দমকল কেন্দ্র গড়ে তোলার উদ্যোগ কার্যকর করা।

শহরের সমস্ত রাস্তায় আলোর সমস্যার দ্রুত সমাধান।

কুলটি, চিনাকুড়ি, জামুড়িয়া, বার্ণপুর ও আসানসোলসহ সমস্ত এলাকায় প্রধান সড়কগুলির সম্প্রসারণ ও সংস্কার। রাণীগঞ্জের বাইপাস প্রকল্প কার্যকর করা।

রানীগঞ্জ, জামুড়িয়াকে নিয়ে রানীগঞ্জ মহকুমা গঠনের প্রস্তাব রাজ্য সরকারের কাছে পাঠানো।

আসানসোলে এবার বাম

# পাবলিকই প্রায়োরিটি

ওয়ার্ড কমিটি গঠন করে নাগরিক মতামতকে পুর বোর্ড পরিচালনায় বিশেষ গুরুত্ব দেওয়া।

কসমেটিক উন্নয়ন নয়, প্রকৃতার্থে মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।

অনলাইন ট্যাক্স প্রদানের ব্যবস্থা।

তফসিলি জাতি, উপজাতি, ওবিসি সহ সমাজের প্রত্যেকটি মানুষের সামাজিক অধিকারের ব্যবস্থা।

শিল্পাঞ্চলকে আরও সচল করার উদ্যোগ গ্রহণ করে শ্রমিক ও বেকারদের সুচারু কর্মসংস্থান।

পুর বোর্ডের কর্মচারী, শ্রমিকদের সামাজিক সুরক্ষার দিকে বিশেষ নজর।

পুর এলাকায় ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মসূচীকে উৎসাহিত করা।

আসানসোলে এবার বাম

# মনোযোগ শিক্ষায়

অবিলম্বে স্কুলছুটদের ক্লাসে ফেরানোর জন্য বাড়ি বাড়ি অভিযান।

কর্পোরেশন স্কুলগুলির সার্বিক উন্নতি।

খনি এলাকার শ্রমিক পরিবারগুলির শিশুদের শিক্ষায় বিশেষ নজরদারি।

মিডডে মিল ও বইপত্রের সমবন্টন।

পুরসভা অঞ্চলে থাকা কলেজগুলির পরিকাঠামোগত উন্নয়নে সাহায্য।

ছাত্রছাত্রীদের অনলাইন পড়াশোনার জন্য পাড়া ভিত্তিক WI FI টিউটোরিয়াল জোন করা।

আসানসোলে এবার বাম

# নাগরিক হকদারি

রানীগঞ্জ, জামুড়িয়া এবং কুলটিকে পুরোনো পৌরসভার মর্যাদা ফিরিয়ে দেওয়া।

শ্রমিককলোনী ও বস্তি এলাকার জীবনযাপনের দ্রুত উন্নতি।

প্রতিটি পরিবারের পৃথক শৌচালয়ের ব্যবস্থা।

সারা শহরের পয়ঃপ্রণালীর দ্রুত বিজ্ঞানসম্মত উন্নয়ন।

বস্তিগুলিতে প্রত্যেকটি পরিবারের জন্য পাকাবাড়ির ব্যবস্থা।

গৃহঋণ ও কৃষিঋণের সঠিক বন্দোবস্ত।

পুর এলাকার সরকারী ও সামাজিক সম্পদগুলির নিশ্চিত রক্ষণাবেক্ষণ।

আসানসোলে
এবার বাম

# পরিবেশ পাহারায়

খনি ও শিল্পাঞ্চল এলাকার পরিবেশ রক্ষায় বিশেষ পদক্ষেপ।

বায়ুদূষণ অবিলম্বে নিয়ন্ত্রণে আনা।

শহরের সর্বত্র বৃক্ষরোপণ কর্মসূচি। প্রয়োজনে 'গ্রীন টিম' গঠন করে গাছেদের রক্ষণাবেক্ষণ।

শিল্পাঞ্চলের দূষিত জলে জলদূষণের সমস্যার দ্রুত নিষ্পত্তি।

আসানসোলে
এবার বাম

# ফিট আসানসোল

মাইনস বোর্ড অফ হেলথ-এর কার্যকারিতা ফিরিয়ে আনা।

প্রতি ওয়ার্ডে স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ।

শিল্পাঞ্চলের শ্রমিক-কর্মচারীদের সুস্থতার জন্য প্রাথমিক চিকিৎসা কেন্দ্র নির্মাণ নিকটবর্তী অঞ্চলে।

নগর নিগম এলাকায় ক্রীড়া ও সংস্কৃতির উন্নয়ন ঘটানো।

আসানসোলে এবার বাম

# আশ্বস্ত আসানসোল

মহিলাদের নিরাপত্তার জন্য প্রতি ওয়ার্ডে বিশেষ টিম গঠন।

লিঙ্গ বৈষম্যমূলক সমাজবিরোধী কার্যকলাপের তীব্র বিরোধিতা।

ওয়ার্ডে ওয়ার্ডে সচেতনতামূলক প্রচার।

নারীদের অর্থনৈতিক স্বনির্ভরতাকে উৎসাহিত করতে বিশেষ উদ্যোগ গ্রহণ।

আসানসোলে এবার বাম

# সম্প্রীতির আসানসোল

তৃণমূল-বিজেপির সাম্প্রদায়িক উস্কানিকে রুখে দিয়ে আসানসোলের মানুষকে ঐক্যবদ্ধ করা।

দাঙ্গা-হিংসা-ধর্মীয় আগ্রাসনের বিরুদ্ধে সচেতনতা গড়ে তোলা।

ধর্মীয় আগ্রাসনের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ।

আসানসোলে এবার বাম

# আসানসোলের স্পাইন

দুর্নীতিমুক্ত স্বচ্ছ বোর্ড গঠন করা এবং তা রক্ষা করা।

বে-আইনি নিয়োগ বন্ধ করা। শূন্যপদ নিয়ম অনুযায়ী পূরণ করা।

সরকারি কাজে দালাল চক্রকে বন্ধ করা।

বিরোধী কাউন্সিলারদের যথোপযুক্ত মর্যাদা দেওয়া।

উন্নয়নের কাজে কাউন্সিলারদের সঠিক ভাবে যুক্ত করা।

আসানসোলে এবার বাম

# কোভিড কমব্যাট

প্রতি ওয়ার্ডে রেড ভলান্টিয়ারদের টিম গঠন।

জরুরি অবস্থায় ঘরে ঘরে মাস্ক,স্যানিটাইজার পথ্য পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা।

এলাকাভিত্তিক সেফ হোম গঠন।

শহরে আইসোলেশন সেন্টারের সংখ্যাবৃদ্ধি।

আসানসোলে
এবার বাম

## আমাদের আবেদন

বিগত ২০১৫ সালে আসানসোল কর্পোরেশন নির্বাচনকে লুঠ করা হয়েছিল। মানুষের প্রকৃত রায় পর্যবসিত হয়নি। এবারের নির্বাচনে জনগণকে সর্বশক্তি দিয়ে এই লুঠের নির্বাচনকে বন্ধ করতে হবে।
মানুষের সম্মিলিত প্রতিবাদ ও প্রতিরোধের কাছে ওরা পরাজিত হবেই।

আমাদের শহরকে রক্ষা করতে আসুন, বামফ্রন্টের পতাকাতলে সামিল হই। একটি স্বচ্ছ দুর্নীতিমুক্ত প্রশাসন গড়ে তুলি। গরীব, বস্তিবাসী, মধ্যবিত্ত সহ সর্বস্তরের মানুষের উন্নয়নের জন্য আসানসোল নগর নিগম এলাকায় প্রতিটি ওয়ার্ডে বামফ্রন্ট মনোনীত প্রার্থীদের বিপুল ভোটে জয়ী করুন।

**আসানসোল কর্পোরেশনকে আবার বামদিকে ঘুরিয়ে দিন।**

বামফ্রন্ট কমিটি, পশ্চিম বর্ধমান জেলার পক্ষে কমরেড গৌরাঙ্গ চ্যাটার্জি কর্তৃক প্রচারিত